# অক্টোবর/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

প্রশাসক ঃ মোঃ মহিদুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।

তারিখ ঃ ২০/১০/২০২৫ খ্রি.।
সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ২৩/০৯/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্রনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিরণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল) কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

**১.উপজেলা স্বাস্থ্য বিভাগঃ**

| ক্রনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা । | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের বিছানায় রোগীর আত্মীয়-স্বজনরা খাওয়া দাওয়া করেন। তিনি ভবনের ছাদের উপর টিনের ছাউনি দিয়ে একটি খাবার ঘর তৈরিসহ চেয়ার-টেবিল সরবরাহের জন্য অনুরোধ করেন। | প্রকল্প যাচাই কমিটির সভায় আলোচনাক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**২.উপজেলা কৃষি বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার বলেন যে, তাঁর কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর। |

**৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, উপজেলায় গবাদি পশুর তড়কা রোগ প্রতিরোধে ১৯/১০/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত মোট প্রাপ্ত ৬০০০০ মাত্রা তড়কা টিকার মধ্যে ৪৩৬০০ মাত্রা টিকা প্রয়োগ করা হয়েছে। উপজেলায় মোট ০৭ টি মেডিকেল টিম গঠনের মাধ্যমে টিকা প্রদান কার্যক্রম পরিচালনা করছেন। এছাড়া পশু জবাইয়ের পূর্বে স্বাস্থ্য পরীক্ষা করার জন্য উপজেলার হাট ভিত্তিক সুনির্দিষ্ট মাঠকর্মী নিয়োগ করা হয়েছে। প্রতিদিন সকালে পশু জবাইয়েরর পূর্বে নিয়মিত তারা স্বাস্থ্য পরীক্ষা করছেন। গতকাল ১৯/১০/২০২৫ খ্রি. পর্যন্ত ১৯৬টি গরু ও ০৫টি মহিষ জবাইয়ের পূর্বে স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে।<br>তড়কা রোগের সার্ভেইলেন্স কার্যক্রম অব্যাহত রয়েছে। নতুন কোন খামার বা পশুতে তড়কা রোগের সংক্রমণ পাওয়া যায়নি। তড়কা রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক লিফলেট বিতরণ, পথসভা, উঠান বৈঠক কার্যক্রম চলমান রয়েছে। তাঁর কার্যালয়ের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**৪. মৎস্য বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৫ ইপলক্ষ্যে ০৪ অক্টোবর ২০২৫ থেকে ২৫ অক্টোবর ২০২৫ পর্যন্ত মোট ২২(বাইশ) দিন সারাদেশ ব্যাপি মা ইলিশ, জাটকা এবং পিরানহা মাছ আহরণ, বাজারজাতকরণ সম্পূর্ণ নিষিদ্ধ। সে আলোকে বাজার ও আড়তে অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। এছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

**৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কাউনিয়া, রংপুর সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো তথ্য পাওয়া যায়নি। | আলোচনান্তে সভায় অনুপস্থিত থাকার কারণে তার বিভাগের কার্যক্রম ব্যাহত হচ্ছে। আগামী সভায় তাকে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

**৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ১। উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিলের প্রকল্প বাছাই কমিটির সভা আগামী ১০/১১/২০২৫খ্রি. তারিখে উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হবে। তিনি সকল জনপ্রতিনিধিকে তালিকা প্রেরণ ও সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন।<br>২। জুন/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার রেজুলেশন অনুযায়ী টেপামধুপুর থেকে নন্দীগঞ্জ পর্যন্ত রাস্তার উভয় পার্শে প্রসস্থকরণের জন্য গাছ কর্তন প্রয়োজন। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিলের তালিকা ০৩(তিন)দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া বরাবর প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>২। উক্ত রাস্তার গাছ কর্তনের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানকে পুনরায় জরুরী ভিত্তিতে আবেদন করার জন্য বলা হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী এলজিইডি, কাউনিয়া, রংপুর । |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, (১) ৭(খ) ধারায় নিয়োগকালে নিজ উপজেলায় পদশূন্য না থাকায় অন্য উপজেলায় নিয়োগকৃতদের নিজ উপজেলায় বদলী। (২) শিক্ষা কমিটির সভায় চর ঢুষমারা স্কুলটি বন্ধ করা। এডুকেশন ইন ইমার্জেন্সী তালিকা ভোট কেন্দ্রের অগ্রাধিকার ভিত্তিতে প্রেরণ করা। (৩) উপজেলা প্রশাসন কর্তৃক অফিসের সামনের মাঠ ভরাট করা হয়েছে এবং ১১৫টি স্কুলে ০১টি করে ফুটবল প্রদান করা হয়েছে। (৪) ৪২জন শিক্ষকের সমতাকরণে বকেয়া বিল প্রদান করা হয়েছে। (৫) নির্মাণাধীন বিল্ডিং (প্রাথমিক বিদ্যালয়) গুলোর কাজ দ্রুত সমাপ্তকরণের জন্য অনুরোধক্রমে তাগিদ প্রদান করা হয়েছে। (৬) টাইফয়েড টিকা প্রদান কার্যক্রম চলমান। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, টিআর, কাবিখা/কাবিটা প্রকল্পের তালিকা প্রস্তুত করা হয়েছে। অতিদ্রুত অনুমোদনের জন্য জেলা অফিসে প্রেরণ করা হবে। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, মা ও শিশু সহায়তা কর্মসূচীর তালিকা প্রতিমাসে ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ প্রেরন করার জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। শিশুশ্রম, বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন, মানব পাচার সংক্রান্ত তথ্য ইউনিয়ন হতে নিয়মিত প্রেরণের অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২৫ মাস পর্যন্ত ১২০ জন যুবক ও যুব-মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আত্মকর্মে নিয়োজিত করা হয়েছে ৬৮ জনকে। এছাড়া ৬ জন যুবক ও যুব-মহিলাকে =৩,১০,০০০/- ঋণ বিতরণ করা হয়েছে। বিভিন্ন সংগঠনের মাধ্যমে ১৬৫টি বৃক্ষ রোপন করা হয়েছে। পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর আওতায় ঋণ বিতরণের জন্য মাঠ জরিপ চলমান। আগামী মাসে ৬টি পরিবারের মধ্যে =৯,৭০,০০০/- টাকা ঋণ বিতরণের প্রস্তুতি চলছে। তার কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, সঞ্চয় জমা, দল গঠন, ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ৭০ জন সুফলভোগীকে "গাভী পালন" বিষয়ক ০৩ দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, আগামী ০১/১১/২০২৫ খ্রি. তারিখে ৫৪তম জাতীয় সমবায় দিবস ২০২৫ উদযাপন হবে। তিনি সকলকে আমন্ত্রণ জানান এবং সদয় উপস্থিতি কামনা করেন। তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা সমবায় অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা বন অফিসার জানান যে, জলবায়ু পরিবর্ধনের বিরুপ প্রভাব মোকাবেলায় সারাদেশ ব্যাপি বনায়নের লক্ষ্যে চারা উত্তোলন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় বিনা মূল্যে চারা বিতরণের জন্য ৬০০০টি চারা কাউনিয়া উপজেলার জন্য মজুদ রয়েছে। চারাগুলি দ্রুত বিতরণ করা হবে। তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় সারাদেশ ব্যাপি বনায়নের লক্ষ্যে চারা উত্তোলন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় ৬০০০টি চারা কাউনিয়া উপজেলার ০৬ টি ইউনিয়নে চেয়ারম্যানগনের মাধ্যমে ১০০০টি করে চারা বিনা মূল্যে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা ও চেয়ারম্যান (সকল), কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশলী (জনসাস্থ্য) জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কাউনিয়া, রংপুর। |

১৭. উপজেলা খাদ্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা খাদ্য কর্মকর্তা, জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা খাদ্য কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৮. আনসার ও ভিডিপি বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৯. উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্রঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা ইনস্ট্রাক্টর জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্র, কাউনিয়া, রংপুর। |

২০. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, বিগত ১২ বছরে কাউনিয়া উপজেলার বিভিন্ন আইজিএ প্রশিক্ষনের উপর এপর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণের পরিমান ৪৫৮৭.০৩ লক্ষ টাকা। ২০২৫-২৬ অর্থবছরের সেপ্টেম্বর/২৫ পর্যন্ত ঋণ বিতরণের পরিমাণ ১৫৩.৭৯ লক্ষ টাকা। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২১. উপজেলা পরিসংখ্যান বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২২. পল্লী জীবিকায়ন প্রকল্প বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী জীবিকায়ন অফিসার সভায় জানান যে, সঞ্চয় জমা, দল গঠন, ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে ৮০ জন সুফলভোগীকে ০৩ দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্ষুদ্র উদ্যোক্তা বিষয়ে ০৯ দিনের প্রশিক্ষণ চলমান। এ পর্যন্ত ২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা পল্লী জীবিকায়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

২৩. পল্লী বিদ্যুৎ সমিতি, কাউনিয়া

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, কাউনিয়া, রংপুর। |

২৪. ৩নং কুর্শা ইউনিয়ন পরিষদ:

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | চেয়ারম্যান, ৩নং কুর্শা ইউনিয়ন পরিষদ, কাউনিয়া বলেন যে, গত ২৩/০৯/২০২৫ খ্রি. তারিখের সভায় কুর্শা ইউনিয়নের মানাস নদীর বুড়াইল ব্রীজ এর সামনে অভয়াশ্রম করার প্রস্তাব করলে তা অনুমোদিত হয়। কিন্তু অভয়াশ্রমটির উক্ত জায়গার পরিবর্তন করে মানাস নদীর গদাধর তেতুল তলায় (বাবুলাল এর বাড়ীর সামনে) করার প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে কুর্শা ইউনিয়নের মানাস নদীর বুড়াইল ব্রীজ এর সামনে অভয়াশ্রমের পরিবর্তে মানাস নদীর গদাধর তেঁতুল তলায় (বাবুলাল এর বাড়ীর সামনে) করার প্রস্তাব অনুমোদিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা মৎস্য অফিসার কাউনিয়া, রংপুর। |

২৫. ২নং হারাগাছ ইউনিয়ন পরিষদ:

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | চেয়ারম্যান, হারাগাছ ইউনিয়ন পরিষদ, কাউনিয়া বলেন যে, বন্যায় ক্ষতিগ্রস্থদের তালিকার তুলনায় বরাদ্দ অপ্রতুল। তিনি অতিরিক্ত বরাদ্দের জন্য অনুরোধ করেন। | আলোচনান্তে হারাগাছ ইউনিয়নের বন্যায় ক্ষতিগ্রস্থদের জন্য অতিরিক্ত বরাদ্দের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউনিয়া, রংপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২৬. উপজেলা ইউজিডিপি (জাইকা), কাউনিয়া, রংপুর:

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | সেপ্টেম্বর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপসহকারী প্রকৌশলী, জাইকা, বলেন যে, কাউনিয়া উপজেলার পঞ্চবার্ষিকি পরিকল্পনা তৈরীর কার্যক্রম চলমান। কিন্তু বিভাগীয় কর্মকর্তাগণের হালনাগাদ তথ্য না পাওয়ায় পরিকল্পনা তৈরীতে বিলম্ব হচ্ছে। তিনি সকল কর্মকর্তাগণকে তাদের বিভাগের তথ্য ছক অনুযায়ী প্রেরণের জন্য অনুরোধ করেন। | আলোচনান্তে উপজেলা পঞ্চবার্ষিকি পরিকল্পনা দ্রুত প্রস্তুত করার জন্য কর্মকর্তাগণকেতাদের বিভাগের তথ্য ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সকল বিভাগীয় কর্মকর্তা এবং উপসহকারী প্রকৌশলী,জাইকা,কাউনিয়া, রংপুর। |

বিবিধ :

| | | | |
|---|---|---|---|
| ০১ | প্রশাসক ও উপজেলা পরিষদ বলেন যে, উপজেলা পরিষদ চত্বরে ৩২টি সিসি ক্যামেরা স্থাপন করা আছে। যা ঝড় বৃষ্টির কারনে ০২টি ক্যামেরা ক্যাবল, এডাপ্টটর ও অন্যান্য কারনে নষ্ট হয়ে পড়ে আছে মেরামত করা প্রয়োজন।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ ভবনে অগ্নিনির্বাপক বড় ও ছোট ১০(দশ)টি স্থাপন করা আছে। মেয়াদ উর্ত্তীর্ন হওয়ায় রিফিল করা প্রয়োজন। সভায় অনুমোদন জন্য পেশ করেন। | সভায় আলোচনান্তে উপজেলা পরিষদে সিসি ক্যামেরা ০২টি ও অন্যান্য মেরামত এবং অগ্নিনির্বাপক বড় ও ছোট ১০(দশ)টি টি ফায়ার সার্ভিস কর্তৃক রিফিল করে রাজস্ব তহবিল অ-প্রত্যাশিত খাত হতে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

MHaque
২০/১০/২৫

(মোঃ মহিদুল হক)
প্রশাসক
উপজেলা পরিষদ,
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
কাউনিয়া, রংপুর।